# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯১২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬৭. সালাতের মধ্যে কোন দিকে দৃষ্টি দেয়া

باب النَّظَرِ فِي الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، ح وَحَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا جَرِيرٌ، ـ وَهَذَا حَدِيثُهُ وَهُوَ أَتَمُّ ـ عَنِ الأَعْمَشِ، عَنِ الْمُسَيَّبِ بْنِ رَافِعٍ، عَنْ تَمِيمِ بْنِ طَرَفَةَ الطَّائِيِّ، عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ، ـ قَالَ عُثْمَانُ ـ قَالَ دَخَلَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم الْمَسْجِدَ فَرَأَى فِيهِ نَاسًا يُصَلُّونَ رَافِعِي أَيْدِيهِمْ إِلَى السَّمَاءِ ـ ثُمَّ اتَّفَقَا ـ فَقَالَ " لَيَنْتَهِيَنَّ رِجَالٌ يَشْخَصُونَ أَبْصَارَهُمْ إِلَى السَّمَاءِ ـ قَالَ مُسَدَّدٌ فِي الصَّلاَةِ ـ أَوْ لاَ تَرْجِعُ إِلَيْهِمْ أَبْصَارُهُمْ " .

ـ صحيح : م

বাংলা

৯১২। জাবির ইবনু সামুরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মসজিদে প্রবেশ করে দেখলেন যে, কিছু লোক আকাশের দিকে দু’ হাত উঁচু করে সালাত আদায় করছে। এ দৃশ্য দেখে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ যেসব লোক আকাশের দিকে তাকিয়ে সালাত আদায় করে তারা যেন এরূপ করা হতে বিরত থাকে। অন্যথায় তাদের দৃষ্টিশক্তি তাদের নিকট আর ফিরে আসবে না।[1]

সহীহ : মুসলিম।

## English

Jabir b. Samurah said(this is the version of the narrator ‘Uthman):
The Messenger of Allah(ﷺ) entered the mosque and saw there some people praying raising their hand towards the heaven. (This Is the common version:

) He said : People must stop raising their eyes to the heaven. The narrator Musaddad said: During prayer, otherwise their sight will be taken away.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : সালাত, অনুঃ সালাতে দৃষ্টি উঁচু করা নিষেধ), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ সালাতে খুশু, হা ১০৪৫)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58230

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন